

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ৫, ২০১৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
[মূল্য সংযোজন কর]
আদেশ

তারিখ, ১০ অগ্রহায়ণ, ১৪২০ বঙ্গাব্দ/২৪ নভেম্বর, ২০১৩ খ্রিস্টাব্দ

নং ২০/মূসক/২০১৩—যেহেতু ইন্টারন্যাশনাল ক্রিকেট কাউন্সিল (আইসিসি) কর্তৃক আয়োজিত আইসিসি ওয়ার্ল্ড টুয়েন্টি-২০ বাংলাদেশ, ২০১৪ একটি আন্তর্জাতিক ক্রীড়া প্রতিযোগিতা ও উহার সহিত দেশের ভাবমূর্তি জড়িত এবং বাংলাদেশের অভ্যন্তরে বিশ্বকাপ ক্রিকেট ভেন্যু নির্বাচনের বিষয়টিও দেশের জন্য গৌরবের ও সম্মানজনক; এবং

যেহেতু, বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি) জাতীয় পর্যায়ের একটি ক্রীড়া সংগঠক এবং দেশের ক্রিকেট অঙ্গনের মানোন্নয়নে সার্বিক দায়িত্ব পালনে নিয়োজিত এবং বর্তমানে আইসিসি কর্তৃক আয়োজিত ক্রিকেট আইসিসি ওয়ার্ল্ড টুয়েন্টি-২০ বাংলাদেশ, ২০১৪ এ সক্রিয় অংশগ্রহণের ক্ষেত্রে বিসিবি গুরুত্বপূর্ণ ভূমিকা পালনে প্রতিশ্রুতিবদ্ধ;

সেহেতু জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ১৪ এর উপ-ধারা (১ক) এ প্রদত্ত ক্ষমতাবলে, আইসিসি এবং তাহাদের পক্ষে বিসিবি'র লোকাল অর্গানাইজিং কমিটি (এলওসি) এর লিখিত প্রত্যয়নপত্রের ভিত্তিতে উহার সহিত প্রত্যক্ষভাবে সংশ্লিষ্ট নাগরিকগণের ভোগ বা ব্যবহারের নিমিত্তে সরবরাহকৃত পণ্য বা সেবার উপর স্থানীয় পর্যায়ে প্রযোজ্য মূল্য সংযোজন কর (মূসক) নিম্নবর্ণিত শর্তে অব্যাহতি প্রদান করিল, যথাঃ—

শর্তঃ

- (১) আইসিসি ওয়ার্ল্ড টুয়েন্টি-২০ বাংলাদেশ, ২০১৪ এর আয়োজন উপলক্ষে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি) কর্তৃক নির্দিষ্টকৃত ইহার সহিত প্রত্যক্ষভাবে সংশ্লিষ্ট নাগরিকগণের ভোগ বা ব্যবহারের নিমিত্তে পণ্য বা সেবা সরবরাহের উপর এই অব্যাহতি সুবিধা প্রযোজ্য হইবে;

(১০৩২৫)

মূল্য : টাকা ৪.০০

- (২) অব্যাহতি প্রাপ্ত পণ্য বা সেবার সরবরাহকারী প্রতিষ্ঠানকে অব্যাহতির আওতায় সরবরাহকৃত পণ্য বা সেবার তথ্য ও দলিলাদি দাখিলপত্রে প্রদর্শন ও সংযুক্ত করিতে হইবে; এবং
- (৩) স্থানীয় পর্যায়ে প্রযোজ্য মূল্য সংযোজন কর অব্যাহতির জন্য জারীকৃত প্রত্যয়নসমূহে পণ্য ও সেবার পরিমাণ, মূল্য, অব্যাহতি গৃহীত মূসক এর পরিমাণ প্রভৃতির বিবরণী বিসিবি কর্তৃক সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কমিশনারেটকে অবহিত করিতে হইবে।

২। জাতীয় রাজস্ব বোর্ডের ১৪ আশ্বিন, ১৪২০ বঙ্গাব্দ/২৯ সেপ্টেম্বর, ২০১৩ খ্রিস্টাব্দ তারিখের সাধারণ আদেশ নং-১৬/মূসক/২০১৩ এতদ্বারা রহিত করা হইল।

৩। অনুরূপ রহিত হওয়া সত্ত্বেও উক্ত আদেশের অধীন এ পর্যন্ত গৃহীত ব্যবস্থা বা কার্যক্রম এই আদেশের অধীনে কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোঃ শওকাত হোসেন

প্রথম সচিব (মূসক অব্যাহতি)।